

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঘারপাড়া, যশোর।
unobagherpara@mopa.gov.bd

ছাত্র/ছাত্রীদের শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাঘারপাড়া উপজেলা পরিষদের ১০.০৫.২০১৬ খ্রি: তারিখের মাসিক সাধারণ সভার সিক্ষাত্ত্বের আলোকে ২০১৫-১৬ অর্থ বছরের বাজেট বরাদ্দের আওতায় উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর এর রাজস্ব তহবিল হতে উপজেলাধীন গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রী যারা ২০১৬ সনে এসএসসি/সমমান পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে তাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের জন্য উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর এর ফরমে আগামী ২২.০৬.২০১৫ খ্রি: তারিখের মধ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

দরখাস্ত দাখিলের অনুসরণীয় শর্তাবলী :

০১. আবেদনকারী ছাত্র/ছাত্রী অবশ্যই বাঘারপাড়া উপজেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী হতে হবে।
০২. যে সকল ছাত্র/ছাত্রীর অভিভাবকের বার্সিক আয় ৭৫,০০০/- টাকার নিম্নে শুধুমাত্র তারা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।
০৩. ২০১৬ সনে এসএসসি/দাখিল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ মানবিক/বিজ্ঞান/বানিজ্য/সমমান পরীক্ষায় জিপিএ ৫-০০ প্রাপ্ত ছাত্র/ছাত্রীরা কেবল আবেদন করতে পারবে।
০৪. আবেদনকারীকে নির্ধারিত ফরমে স্ব-হস্তে পূরণ করতে: স্বাক্ষর করতে হবে।
০৫. আবেদন পত্রের সাথে অবশ্যই নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে:-
 - (ক) এসএসসি/দাখিল/সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি (খ) সদ্য তোলা ০১(এক)কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি যা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে (গ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আবেদনকারীর জন্ম সনদের সত্যায়িত কপি (ঘ) পৌরসভার মেয়ার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/অফিস প্রধান (চাকুরীজীবিদের ক্ষেত্রে) কর্তৃক প্রদত্ত অভিভাবকের বার্ষিক আয়ের সনদ পত্র।
 ০৬. বৃত্তির ফরম সঠিকভাবে পূরণ করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ আগামী ২২.০৬.২০১৬ খ্রি: তারিখ সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঘারপাড়া, যশোর-এ অফিস চলাকালীন সময়ের মধ্যে জমা প্রদান করতে হবে।
 ০৭. অফিস চলাকালীন সময়ে উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর হতে বিনামূল্যে ফরম পাওয়া যাবে।
 ০৮. নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র কোনভাবেই প্রহন করা হবে না।
 ০৯. কোনরূপ কারণ দর্শনো ছাড়াই কর্তৃপক্ষ যেকোন আবেদন প্রহন/বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।



মোহাম্মদ আশেক হাসান
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ফোন নং: ০১৭২৩-৫৬০২২
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd

স্মারক সংখ্যা: ০৫.৬৫৪.০১৮.০৮.০৮.০৩০.২০১৫ -


তারিখ: ----- খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি জাতার্থে ও বশল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ৩। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ৪। চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/খলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াট্টি ও জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর (তাঁকে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। উপজেলা..... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ৭। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, বাঘারপাড়া, যশোর।
- ৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপার বিদ্যালয়/মাদ্রাসা(তাঁকে সকল জিপিএ-৫.০০ প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো।



উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ফোন নং: ০১৭২৩-৫৬০২২